

বিশ্ব সাহিত্য কেন্দ্রের বই পড়া কর্মসূচি

## পুরস্কার পেল রাজধানীর বিভিন্ন কলেজের ৭০ শিক্ষার্থী

৥ ইত্তেফাক রিপোর্ট ৥

আলোকিত মানুষ পড়ার লক্ষ্যে বিশ্ব সাহিত্য কেন্দ্রের নিয়মিত কার্যক্রম 'বই পড়া কর্মসূচি'র অংশ হিসাবে রাজধানীর কলেজ শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার দেয়া হল। শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ আর অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদেব সাবলীল আলোচনায় প্রাপক হয়ে এগুটি গোটান অনুষ্ঠান।

রাজধানীর পাতুপথে সেল সেটারের অভিনেত্রীরায়ে ওত্রবাহ এই পুরস্কার বিতরণী অনুষ্ঠানটি হয়েছে ডেক্টা, মাইফ ইন্টারনেট সৌজন্যে। বিশ্ব সাহিত্য কেন্দ্রের সভাপতি অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদেব সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন কবি আনিসুল হক, প্রকৌশলী মো আব্দুল আজিজ। কর্মসূচিতে অংশগ্রহণকারী বিভিন্ন কলেজের শিক্ষার্থীদের অনুষ্ঠিত প্রকাশের পর বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন আনিসুল হক।

উপস্থিত শিক্ষার্থীদের উদ্দেশে অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ বলেন, নিজেদের জানেন, নিজেদের বিধান করে। তুমি একদিন এ পৃথিবীকে ছয় করবে এটা বিশ্বাস রাখো মনে। তাহলে সবাই একদিন তুমি আলোকিত মানুষ হতে পারবে। তিনি জানান, চলতি বছরের একাদশ শ্রেণীর শিক্ষার্থীদের বই পড়া কর্মসূচি আগামী অক্টোবর থেকে বিভিন্ন কলেজে পৃথক

পৃথক ভাবে শুরু করা হবে।

১৮ সভায়ে নির্দিষ্ট ১২টি বই পড়ে মূল্যায়ন পর্বে অংশ নিয়ে বিশ্ব সাহিত্য কেন্দ্রের আয়োজিত 'বই পড়া কর্মসূচি ২০০৭' এর পুরস্কার পেয়েছে মোট ৭০ জন। এদের মধ্যে ঢাকা সিটি কলেজের সিরাজুম মুনীর ইরিনা ও সাজিয়া আফরিন, সরকারি বিজ্ঞান কলেজের মাহীউজ্জামান নাভেল, নটরডেম কলেজের মাহীউল হক, নিয়ামত আদী এনায়েত, সুমিত্রা নাহ ও মো. পরিফুল ইসলাম শিয়ার, তেজগাঁও কলেজের তানিম আহমেদ, আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের মাসরুবা তাসনিম এবং তানীকুল হিলাত কমিল মদ্রাসার ইশতিয়াক আহমেদ বিশ্ব সাহিত্য কেন্দ্র পুরস্কার পেয়েছেন। এই দশজনকে শ্রেষ্ঠ পুরস্কার হিসেবে সনদপত্র ও ১ হাজার টাকার বই দেয়া হয়েছে। পরবর্তী ৩০ জনকে অতিনবন পুরস্কার হিসেবে সনদপত্র ও ৫০০ টাকার বই দেয়া হয়েছে। ৪১তম থেকে ৫৬তম বিজয়ীকে তেজস্বী পুরস্কার হিসেবে দেয়া হয়েছে সনদপত্র ও ৩০০ টাকার বই। ৫৭তম থেকে ৭০তম পদ অর্জনকারীকে স্বাগত পুরস্কার হিসেবে সনদপত্র ও ২০০ টাকা মূল্যমানের বই দেয়া হয়েছে। মোট ২৯৪ জন বিভিন্ন কলেজের শিক্ষার্থীরা এই কর্মসূচিতে অংশ নিয়েছিল।